

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার লেটার নং: ০৫/২০২২

তারিখ : ২৭ জুলাই, ২০২২
১২ শ্রাবণ, ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস্ (এমএফএস) প্রোভাইডার, পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি), পেমেন্ট সিস্টেম অপারেটর (পিএসও), এবং বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**'Guidelines for Trust Fund management
in payment and settlement services' প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ০৬ মে, ২০২১ তারিখে জারিকৃত পিএসডি সার্কুলার নম্বর ০৬/২০২১ এর ৮নং ক্রমিকের নির্দেশনার প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উল্লিখিত নির্দেশনা অনুযায়ী পরিশোধ সেবাদানকারী এমএফএস, পিএসপি ও পিএসও কর্তৃক সংরক্ষিত ট্রাস্ট ফান্ডের স্থিতি দিন শেষে (Day End) গ্রাহক/মার্চেন্টের কাছে সংশ্লিষ্ট ট্রাস্টের দায় অপেক্ষা বেশি বা সমান হতে হবে।

০২. এ প্রসঙ্গে উল্লেখ্য যে, বিদ্যমান পরিশোধ ব্যবস্থায় এমএফএস ও পিএসপি এর গ্রাহকগণ তাঁদের ডেবিট/ ক্রেডিট কার্ড/ ব্যাংক হিসাব হতে মোবাইল/ ই-ওয়ালেটে অর্থ স্থানান্তর (Add Money) করতে পারেন। এ ক্ষেত্রে গ্রাহকের ব্যাংক (অর্থাৎ Issuer ব্যাংক) ও সংশ্লিষ্ট এমএফএস/ পিএসপি এর ট্রাস্ট কাম সেটেলমেন্ট ব্যাংক (এক্ষেত্রে Acquirer ব্যাংক) একই ব্যাংক না হলে উল্লিখিত আন্তঃব্যাংক (Interbank) লেনদেনসমূহ সাধারণত T+1(Next Business Day) ভিত্তিতে নিষ্পত্তি হয়ে থাকে। এমএফএস ও পিএসপি প্রতিষ্ঠানসমূহ গ্রাহকের মোবাইল/ ই-ওয়ালেটে বর্ণিত Add Money ট্রানজেকশনের জন্য তাৎক্ষণিকভাবে (Real Time) ই-মানি ইস্যু করলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রাস্ট কাম সেটেলমেন্ট অ্যাকাউন্টে সাধারণত পরবর্তী কর্মদিবসে গ্রাহকের অর্থ জমা হয়ে থাকে। ফলে এমএফএস ও পিএসপি প্রতিষ্ঠানসমূহের ট্রাস্ট কাম সেটেলমেন্ট অ্যাকাউন্ট-সমূহের সামষ্টিক (Aggregate) স্থিতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সামষ্টিক ই-মানি এর স্থিতি অপেক্ষা কম হয়ে থাকে।

০৩. অনুরূপভাবে, গ্রাহক কর্তৃক মার্চেন্ট পেমেন্টের ক্ষেত্রেও গ্রাহকের ব্যাংক (অর্থাৎ Issuer ব্যাংক) এবং সংশ্লিষ্ট মার্চেন্টের Acquirer পিএসও এর ট্রাস্ট কাম সেটেলমেন্ট ব্যাংক একই ব্যাংক না হলে উপরে বর্ণিত Deferred Net Settlement জনিত কারণে গ্রাহকের পরিশোধিত অর্থ সংশ্লিষ্ট পিএসও এর ট্রাস্ট কাম সেটেলমেন্ট অ্যাকাউন্টে সাধারণত পরবর্তী কর্মদিবসে জমা হয়ে থাকে। ফলে পিএসও-সমূহের ট্রাস্ট কাম সেটেলমেন্ট অ্যাকাউন্ট-সমূহের সামষ্টিক (Aggregate) স্থিতিও মার্চেন্টদের কাছে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সামষ্টিক দায় অপেক্ষা কম হয়ে থাকে।

পূর্ববর্তী পৃষ্ঠা হতে.. ...

০৪. বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করতঃ পিএসডি সার্কুলার নম্বর ০৬/২০২১ এর ৮নং ক্রমিকের নির্দেশনা পরিপালনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

৪.১ ক্রমিক ২ ও ৩ এ বর্ণিত আন্তঃব্যাংক (Interbank) লেনদেন নিষ্পত্তির বিলম্ব জনিত কারণে সংশ্লিষ্ট এমএফএস/পিএসপি/পিএসও এর ট্রাস্ট কাম সেটেলমেন্ট অ্যাকাউন্টে জমা হওয়ার পূর্ব পর্যন্ত অনিষ্পন্ন অবস্থায় থাকা ট্রাস্টের পাওনা অর্থকে ট্রাস্ট ফান্ড ইন ট্রানজিট (Trust Fund in Transit) হিসাবে বিবেচনা করা যাবে। ট্রাস্ট ফান্ড ইন ট্রানজিটকে পিএসডি সার্কুলার নম্বর ০৬/২০২১ এর ৮নং ক্রমিকের নির্দেশনা পরিপালনের উদ্দেশ্যে ট্রাস্ট ফান্ডের অংশ হিসাবে হিসাবায়ন করা যাবে।

৪.২ উক্ত ট্রাস্ট ফান্ড ইন ট্রানজিট (Trust Fund in Transit) কে T+1 ভিত্তিতে বা সংশ্লিষ্ট আন্তঃব্যাংক লেনদেন সেটেলমেন্টের জন্য প্রয়োজ্য নূন্যতম সময়ে ট্রাস্টের ট্রাস্ট কাম সেটেলমেন্ট অ্যাকাউন্টে জমা করতে হবে।

৪.৩ বাংলাদেশ ব্যাংকে ট্রাস্ট ফান্ড সংক্রান্ত বিবরণী দাখিলকালে ট্রাস্ট কাম সেটেলমেন্ট অ্যাকাউন্টের স্থিতি ও প্রয়োজ্য ক্ষেত্রে ট্রাস্ট ফান্ড ইন ট্রানজিট (Trust Fund in Transit) কে পৃথকভাবে উপস্থাপন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মেজবাউল হক)
পরিচালক, পিএসডি
ফোন: ৯৫৩০১৭৪

ই-মেইল: mezbaul.haque@bb.org.bd